শেখ হাসিনার উদ্যোগ

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩
সদর দপ্তর: শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম
মোবাইল: ০১৭৬৯-৪০০৯৯৯
Email: ctgpbs3sitakunda@gmail.com, Website : www.pbs3.chittagong.gov.bd

ISO 9001:2015 Certified

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং- ২৭.১২.১৫৮৬.৫৬৮.০১.০৩৮.২১. ২১১৬

তারিখঃ ৩০ জুন, ২০২১
১৬ আষাঢ়, ১৪২৮

মেসার্স-------------------------------

--------------------------------------

--------------------------------------

বিষয়ঃ ০১টি ৩ ফেজ ১০/১৪ এমভিএ পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের দরপত্র (RFQ) আহ্বান প্রসঙ্গে।

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর হাটহাজারী-১ (চারিয়া) উপকেন্দ্র, হাটহাজারী, চট্টগ্রাম হতে ০১টি ১০/১৪ এমভিএ পাওয়ার ট্রান্সফরমার কেন্দ্রীয় পণ্যাগার, বাপবিবো, সাভার, ঢাকা পরিবহনের নিমিত্তে নিম্নে বর্ণিত ছক অনুযায়ী বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের তালিকাভুক্ত পরিবহণ ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে RFQ (রিকোয়েস্ট ফর কোটেশন) এর মাধ্যমে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | বিবরণ | পরিমাণ (টি) | একক দর (সকল প্রকার কর সহ) | মোট মূল্য (সকল প্রকার কর সহ) |
|---|---|---|---|---|
| ০১ | চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর হাটহাজারী-১ (চারিয়া) উপকেন্দ্র, হাটহাজারী, চট্টগ্রাম হতে ০১টি ১০/১৪ এমভিএ (আইটেম নং- জিএস-৪৭, কোম্পানী- এনার্জিপ্যাক) পাওয়ার ট্রান্সফরমার কেন্দ্রীয় পণ্যাগার, বাপবিবো, সাভার, ঢাকা-এ ট্রেইলরের মাধ্যমে পরিবহণ লোডিং ও আনলোডিংসহ)। | ০১ | | |
| মোট (সকল প্রকার করসহ) = | | | | |
| কথায়ঃ | | | | |

শর্তাবলীঃ

০১। আগ্রহী দরদাতাগণ আগামী ০৮/০৭/২০২১খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনার পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এবং (খ) চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর, শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। দাখিলকৃত দরপত্রসমূহ একই দিনে বেলা ১২:০৫ ঘটিকায় চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর/বাপবিবো সদর দপ্তরে দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২। দরদাতা প্রতিষ্ঠানের পাওয়ার ট্রান্সফরমার পরিবহন ও প্যাডে স্থাপন কাজের অভিজ্ঞতা থাকতে হবে। দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, পরিবহন ঠিকাদারী লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, আয়কর সনদ, ব্যাংক সলভেন্সি ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৩। দরপত্র সঠিকভাবে পুরণ করে প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে স্বাক্ষর করতে হবে। দরপত্রে কোনরূপ ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।

০৪। বর্ণিত মালামাল পরিবহনকালে কোন দুর্ঘটনা বা ক্ষতি হলে পরিবহন ঠিকাদার দায়ী থাকবেন। মালামাল পরিবহনের পূর্বে সমিতির সাথে যোগাযোগ করে তারিখ নির্ধারণ করতে হবে।

০৫। কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে অত্র সমিতির সাথে পাওয়ার ট্রান্সফরমার পরিবহন সংক্রান্ত বিষয়ে ৩০০.০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে এবং বাপবিবো/ সমিতির নিয়মানুযায়ী অন্যান্য শর্তাবলী প্রতিপালন করতে হবে।

০৬। পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের জন্য ট্রেইলর এবং লোডিং-আনলোডিং এর জন্য ক্রেন বা যে কোন যন্ত্রাদি কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকেই সংগ্রহ করতে হবে এবং এর জন্য কোন বিল দাবি করা যাবে না।

০৭। ট্রান্সফরমার পরিবহনের পূর্বে সরজমিনে সাইট পরিদর্শন করতে হবে এবং সমিতি কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী পাওয়ার ট্রান্সফরমার স্থাপন করতে হবে।

০৮। কার্যাদেশ এর শর্তানুসারে পাওয়ার ট্রান্সফরমার পরিবহনে পথিমধ্যে কোনরূপ বাধা বা বিলম্বের জন্য সমিতি কর্তৃপক্ষ কোনরূপ দায়ভার বহন করবে না। সকল দায়ভার কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

০৯। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের সর্বোচ্চ ১০ (দশ) দিনের মধ্যে পরিবহন কাজ সম্পাদন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে মালামাল পরিবহনে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে জরিমানা কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০%(দশ শতাংশের) বেশি হবে না।

১০। সন্তোষজনকভাবে মালামাল পরিবহনের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে Account Payee Cheque এর মাধ্যমে বিল পরিশোধ করা হবে, তবে সরকারি নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

১১। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১২। শর্তবহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(নূর মোহাম্মদ আজম মজুমদার)
সিনিয়র জেনারেল ম্যানেজার

<u>অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) : নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে বহুল প্রচারের অনুরোধসহ)।</u>

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। | সদয় অবগতির জন্য।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম জোন, বাপবিবো, চট্টগ্রাম।
০৩। জেলা প্রশাসক, চট্টগ্রাম/ পুলিশ সুপার, চট্টগ্রাম।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার---------------------পবিস-১/২/৩/৪।
০৫। মেয়র, সীতাকুন্ড / মীরসরাই/ বারৈয়ারহাট/ হাটহাজারী পৌরসভা, চট্টগ্রাম।
০৬। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, চট্টগ্রাম।
০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ, চট্টগ্রাম।
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সীতাকুন্ড / মীরসরাই/ হাটহাজারী, চট্টগ্রাম।
০৯। ডিজিএম (সদর-কারিগরী)/ মীরসরাই / বারৈয়ারহাট/হাটহাজারী জোনাল অফিস।
১০। এজিএম (অর্থ/ সদস্য সেবা/ ওএন্ডএম/ইএন্ডসি)।
১১। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১/২) (ওয়েবসাইটে প্রকাশ ও বাপবিবোর্ডে প্রেরণ নিশ্চিত করবেন)।
১২। নোটিশ বোর্ড / অফিস কপি/মাস্টার কপি।

(নূর মোহাম্মদ আজম মজুমদার)
সিনিয়র জেনারেল ম্যানেজার